

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
www.brahmanpara.comilla.gov.bd

স্মারক নং- ০৫.২০.১৯১৫.০০০.০০.০০৫.২৩- ৭২৯

তারিখ: ০৩.০৭.২০২৩খ:


বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরী করার প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। ব্রাহ্মণপাড়া উপজেলার সকল স্কুল-কলেজ ও তদুর্ধ্ব পর্যায়ের ছাত্র/ছাত্রীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রতিযোগিতার নিয়মাবলী

- ক) ভিডিওটি প্রস্তুত করে মেইল/পেনড্রাইভ/ ড্রাইভ লিংকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার এর নিকট আগামী ১৬ জুলাই, ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিডিও থাকতে হবে।
- খ) ভিডিও ধারণের ক্ষেত্রে যে কোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে।
- গ) মোবাইলে ভিডিওটি ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে (১৬:৯ অনুপাত) করতে হবে।
- ঘ) ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক হবে।
- ঙ) ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ(নয়েজ) বাদ দিতে হবে।
- চ) ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে।
- ছ) কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে।
- জ) ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ মিনিট হতে হবে।
- ঝ) ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোন থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপ্তি হয়।
- ঞ) ভিডিও'র মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে, এবং
- ট) ভিডিও নির্মাণ সংক্রান্ত যেকোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।

যোগাযোগ নম্বর: ০১৭৩৩-৩৫৪৯৪৫, ই-মেইল: unobrahmanpara@gmail.com


সোহেল রানা

উপজেলা নির্বাহী অফিসার

ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।

☎ ০২৩৩৪৪০৯৬০১

unobrahmanpara@gmail.com




স্মারক নং- ০৫.২০.১৯১৫.০০০.০০.০০৫.২৩- ৭২৯/১(২২)

তারিখ: ০৩.০৭.২০২৩খ:

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

- ০১। জেলা প্রশাসক, কুমিল্লা।
- ০২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/ উপজেলা শিক্ষা অফিসার, কুমিল্লা(বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ০৩। চেয়ারম্যান----- (সকল), ইউনিয়ন পরিষদ, ব্রাহ্মণপাড়া(বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ০৪। অফিস নথি।


উপজেলা নির্বাহী অফিসার

ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।

